

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: পরিচিতি, উৎস ও গুরুত্ব রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ১. ৫. আশ-শারী আহ

'শারীয়াত' বা 'শারী'আহ' অর্থ নদীর ঘাট, জলাশয়ে পানি পানের স্থান, পথ ইত্যাদি। ইসলামের পরিভাষায় 'শরী'আহ' শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। সেগুলির মধ্যে একটি অর্থ "ধর্ম বিশ্বাস" বা বিশ্বাস বিষয়ক মূলনীতিসমূহ।[1] তৃতীয় শতকের কোনো কোনো ইমাম "আশ-শারী'আহ" নামে আকীদা বিষয়ক গ্রন্থ রচনা করেন। যেমন ইমাম আবৃ বাকর মুহাম্মাদ ইবনুল হুসাইন আল-আজুরী (৩৬০ হি) রচিত "আশ-শারী'আহ" গ্রন্থ।

ফুটনোট

[1] আল-ফাইউমী, আল-মিসবাহুল মুনীর ১/৩১০; মুহাম্মাদ ইবনু ইবরাহীম আল-হামদ, আকীদাতু আহলিস সুনাহ, পৃ. ১৬-১৭

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13578

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন